# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

## ২০২৬ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজে ১ম শ্রেণিতে শূন্য আসনে লিখিত পরীক্ষার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। প্রত্যক্ষ পোষ্য ভর্তি করার পর শূন্য আসনের বিপরীতে লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধানুসারে প্রতি ছাত্র-ছাত্রী ৪০,০০০/- টাকা ডোনেশন গ্রহণের মাধ্যমে ১ম শ্রেণিতে বহিরাগত ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। ২য় থেকে ৯ম শ্রেণি পর্যন্ত আসন শূন্য থাকা সাপেক্ষে প্রত্যক্ষ পোষ্য লিখিত পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হবে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ থেকে বাধ্যতামূলক ছাড়পত্র প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

- ১ম শ্রেণিতে ভর্তির বয়স ৫ থেকে ৭ বছর।
- আবেদনের লিংক : **www.juschoolcollege.org**
- ভর্তি পরীক্ষার আবেদন ফি : ৩০০/- টাকা (সকল শ্রেণির জন্য প্রযোজ্য)।
- আবেদনের সময় যা প্রয়োজন : ক. জন্ম সনদ (বাংলা ও ইংরেজি)।
  খ. প্রত্যক্ষ পোষ্য সংক্রান্ত বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র।
  গ. পাসপোর্ট সাইজের ছবি।
  ঘ. পিতা ও মাতার NID (জাতীয় পরিচয় পত্রের) কার্ডের ফটোকপি।

- আবেদনের সময় : Online-এ প্রতিষ্ঠানের ওয়েবসাইটের মাধ্যমে ১০/১২/২০২৫ বুধবার থেকে ২৪/১২/২০২৫ বুধবার পর্যন্ত।
- সিলেবাস : ক. ১ম শ্রেণিতে পরীক্ষা হবে বাংলা (বর্ণমালা লিখন, শব্দ গঠন, বাক্য তৈরী, ছবি দেখে লেখা ইত্যাদি), অংক (সংখ্যা ও কথায় লিখন, জোড়-বেজোড় সংখ্যা লিখন, যোগ অংক, সংখ্যা ও শূন্যস্থান পূরণ ইত্যাদি), ইংরেজি (বর্ণমালা লিখন, শব্দ গঠন, বাক্য তৈরী ও ছবি দেখে ইংরেজি লেখা ইত্যাদি)-এর উপর।

  খ. ২য়-৯ম শ্রেণির পরীক্ষার প্রশ্ন হবে পরীক্ষার্থী যে শ্রেণিতে ভর্তি হবে তার পূর্বের শ্রেণির বার্ষিক পরীক্ষার সিলেবাস অনুযায়ী।

- পরীক্ষার নম্বর বিভাজন : লিখিত পরীক্ষার মোট নম্বর-১০০।
  ক. পরীক্ষার নম্বর বন্টন : ১ম—৫ম শ্রেণি-বাং-৩৪, ইং-৩৩, গণিত-৩৩ = ১০০ নম্বর।
  ৬ষ্ঠ—৯ম শ্রেণি-বাং-৩০, ইং-৩০, গণিত-৩০, সাধারণ জ্ঞান-১০ = ১০০ নম্বর।

  খ. লিখিত পরীক্ষায় পাশের নম্বর-৩৫ (প্রতি বিষয়ে পৃথকভাবে ন্যূনতম ১০ নম্বর ও সাধারণ জ্ঞানে ০৩ নম্বর পেতে হবে)।

- পরীক্ষার তারিখ ও সময় : ০৪/০১/২০২৬ তারিখ রবিবার সকাল ৯.০০ টায়।
- ফলাফল প্রকাশ : ০৫/০১/২০২৬ তারিখ সোমবার বেলা ১২.০০ টায়।

বি: দ্র: ১ম শ্রেণির পরীক্ষার্থীদের প্রশ্নপত্রেই উত্তর লিখতে হবে। সকল পরীক্ষার্থীকে পরীক্ষার সময় প্রবেশপত্র, কলম, পেন্সিল ও রাবার অবশ্যই সঙ্গে আনতে হবে। প্রতিষ্ঠানের প্রয়োজনে যে কোন বিষয়ে পরিবর্তন ও পরিবর্ধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৪/১২/২০২৫
(অধ্যাপক ড. মোহা. তালিম হোসেন)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, সাভার, ঢাকা।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ